# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**27 JANUARY 2025** **7:45—7:55 PM IST**

========================================================

১) জোনাই সমজেলায় রূপায়ন হয়ে থাকা বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি সম্পর্কে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার পর্যালোচনা।

২) পথরুঘাটে কৃষক শহিদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে দরঙে তিনদিনব্যাপী শহিদ দিবস পালন।

৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আগামীকাল উত্তরাখান্ডে ৩৮ তম জাতীয় ক্রীড়া সমারোহের উদ্বোধন।

এবং

৪) বরাক উপত্যকার উন্নয়নে ২২ হাজার ৬শো ২৩ কোটি টাকা ব্যয় সাপেক্ষে বরাক উপত্যকা উন্নয়ন পর্ষদের প্রকল্প গ্রহণ করা হয়েছে বলে বিভাগীয় মন্ত্রী কৌশিক রাইয়ের ঘোষনা।

---------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ ডিব্রুগড়ের মুখ্যমন্ত্রীর সচিবালয়ে জোনাই সমজেলায় রূপায়িত কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের কাজকর্মের অগ্রগতির পর্যালোচনা করেন । বৈঠকে মুখ্যমন্ত্রী জোনাই রাজস্বচক্রে ২০৭ টি রাজস্ব গ্রাম থাকার পরিপ্রেক্ষিতে

একট ই নতুন রাজস্বচক্র গঠনের প্রক্রিয়া আরম্ভ করতে রাজস্ব বিভাগের আধিকারীকদের নির্দেশ ।বৈঠকে জেলার শিক্ষা সংক্রান্ত কাজকর্মের অগ্রগতি , মিশন বসুন্ধরার তৃতীয় পর্যায় , কৃষকদের কাছ থেকে ধান ক্রয় ইত্যাদি বিষয় পর্যালোচনা করা হয় ।বৈঠকে শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ ডিব্রুগড় জেলায় বিবেকানন্দ কেন্দ্রের আনন্দালয় নামের একটি নতুন ভবনের উদ্বোধন করেন । এই ভবনটির উদ্বোধন করে মুখ্যমন্ত্রী ,স্বামী বিবেকানন্দের প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন ।অনুষ্ঠানে তার ভাষনে ড: শর্মা বলেন যে চা জনগোষ্ঠী ও জনজাতি সমাজের সেবার জন্য উৎর্গিত এই আনন্দালয় ভবন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে জনজাতি সমাজকে এগিয়ে নিয়ে যাবে । এধরণের আনন্দালয় ভবনগুলি ইতিমধ্যে রা জ্যের চা বাগানের তরুণ প্রজন্ম সহ জনজাতি সমাজের প্রতি শিক্ষামূলক সেবা প্রদান করে আসছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । রাজ্যে ২২০ টি এধরণের কেন্দ্র রয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ পদ্মভূষণ সম্মানে ভূষিত সত্রীয়া নৃত্য শিল্পী যতীন গোস্বামীর বাসগৃহে গিয়ে তাঁকে অভিনন্দন জানান ।এই সাক্ষাৎকালে মুখ্যমন্ত্রী সত্রীয়া নৃত্যের প্রচার এবং প্রসার সম্পর্কে বার্তালাপ করেন ।

-----------------------------------------------------------------------------------------

পথরুঘাটের কৃষক শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলী নিবেদনের উদ্দেশ্যে দরং এ তিনদিনব্যাপী অনুষ্ঠিত ১৩১ তম কৃষক শহীদ দিবসের আজ দ্বিতীয় দিন বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে পালন করা হয়েছে । এই কার্যসূচীর অংশ হিসেবে পথরুঘাট উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে কৃষি মেলা , , কৃষক বিদ্রোহ বিষয়ের গ্রন্থ , স্মরণিকা ইত্যাদির প্রকাশ , আলোকচিত্র ইত্যাদির প্রদর্শনী ও গ্রন্থমেলার উদ্বোধন করা সহ কৃষক শহীদ প্রকল্পে একটি শীততাপ নিয়ন্ত্রিত প্রেক্ষাগৃহের উদ্বোধন করা হয় ।অনুষ্ঠানে প্রবীণ লোকশিল্পীদের সম্মেলন ও শিল্পী পেন্সন প্রাপকদের সম্বর্ধনা জাননো সহ অন্যান্য কার্যসূচী অনুষ্ঠিত হয় ।আগামীকালের অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ।এছাড়া সভায় কেন্দ্রীয় সরকারের সাংস্কৃতিক ও পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত , কেন্দ্রীয় বিদেশ প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা , রাজ্য সরকারের কৃষি মন্ত্রী অতুল বরা ও দরং জেলার অভিবাবক মন্ত্রী কেশব মহন্ত সহ বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত থাকবেন ।

-----------------------------------------------------------------------------------------

উত্তরাখণ্ডে আগামীকাল থেকে ৩৮ তম  জাতীয় ক্রীড়া অনুষ্ঠিত হবে । দেরাদুনের আর্ন্তজাতিক ক্রিকেট ষ্টেডিয়ামে আগামীকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই ক্রীড়ামহোৎসবের আনুষ্ঠানিকভাবে উদ্ভোধন করবেন ।অনুষ্ঠানে কমনোয়েলথ গেমস ফেডারেশনের সভাপতি ক্রিস জেনকিনস , উত্তরাখণ্ডের রাজ্যপাল গুরমিত সিং , মুখ্যমন্ত্রী পুষ্কর শিং ধামী , ভারতীয় অলিম্পিক সংস্থার সভাপতি পিটি উষা সহ বেশ কয়েকজন বিশিষ্ট ব্যাক্তি উপস্থিত থাকবেন । আসাম অলিম্পিক সংস্থার হয়ে সম্পাদক লক্ষ্য কোওর উদ্বোধনী অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে অংশ নেবেন। এবারের জাতীয় ক্রীড়া সমারোহে মোট ৩৭ টি রাজ্য ,ও কেন্দ্রীয় শাসিত অঞ্চল  অংশ গ্রহণ করবে ।উল্লেখ্য এই ক্রীড়া সমারোহের আগামীকাল আনুষ্ঠানিক উদ্বোধন হলে ও বিভিন্ন বিভাগের প্রতিযোগীতাগুলি ইতিমধ্যে আরম্ভ হয়ে গেছে ।

---------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীর কারিআপ্পা প্যারেড গ্রাউন্ডে ন্যাশনেল কেডেট কর্পস ( এন সি সি) পি এম বার্ষিক র‍্যালিতে অংশগ্রহণ করেন ।এবছর এই র‍্যালির বিষয়বস্তু হচ্ছে ‘ যুব শক্তি , বিকশিত ভারত ’ ।এই র‍্যালিতে ৮০০ ’র বেশী এন সি সি কেডেটস সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে এছাড়া  মেরা যুব ভারত , শিক্ষা মন্ত্রনালয় এবং জনজাতি কল্যান মন্ত্রনালয়ের অধীনে ৬৫০ জনেরও বেশী স্বেচ্ছাসেবক এই র‍্যালিতে অংশগ্রহণ করে ।

---------------------------------------------------------------------------------

জাতীয় একতা যাত্রার অধীনে উত্তরপূর্বাঞ্চলের ২৪০ জন শিক্ষার্থী শিক্ষামূলক ভ্রমনের উদ্দেশ্যে দেশের বিভিন্ন প্রান্তে উপস্থিত হয়েছে । মোট আটটি দলে ভাগ করা জনজাতীয় ছাত্রছাত্রীদের দলটি গত ২৩ শে জানুয়ারী থেকে আগামী ১২ ই ফেব্রুয়ারী পর্যন্ত দেশের বিভিন্ন প্রান্তে শিক্ষামূলক ভ্রমন সমাপ্ত করে গুয়াহাটীতে পৌছবে ।উল্লেখ্য দেশের অন্যান্য রাজ্যের শিক্ষার্থীদের সঙ্গে উত্তরপূর্বাঞ্চলের শিক্ষার্থীদের সম্পর্ক মজবুত করে তোলা সহ অভিজ্ঞতা এবং সংস্করতি বিনিময়ের উদ্দেশ্যে ১৯৬৪ সালে অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ আন্তরাজ্য ছাত্র জীবনদর্শন অর্থাৎ সেইল কার্যসূচী শুরু করেছিল ।এই সেইল কার্যসূচীর অধীনে শিক্ষামূলক ভ্রমনে যাওয়া শিক্ষার্থীরা গতকাল বিহারের রাজ্যপাল আরিফ মহম্মদ খান এবং ওড়িশ্যার রাজ্যপাল হরিবাবু কম্ভমপতির সঙ্গে সাক্ষাৎ করেন ।দলটি আগামী ১৩ ই ফেব্রুয়ারী গুয়াহাটীর শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রে আয়োজিত সেইলের কার্যসূচীতে অংশগ্রহণ করার কথা রয়েছে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের খাদ্য ও সরবরাহ বিভাগ সহ বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই আজ শিলচরে জেলা আয়ুক্তের কার্য্যলয়ে বরাক উপত্যকার তিন জেলার বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতি নিয়ে একটি পর্য্যালোচনা বৈঠকে অংশগ্রহন করেন । পরে জেলা আয়ুক্তের কার্যলয়ের সম্মেলন কক্ষে আয়োজিত সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রী রাই জানান যে বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের উদ্যোগে তিন জেলায় ২২ হাজার ৬শ ২৩ কোটী টাকার কাজ চলছে যা আগামী ২০২৬ সালের মধ্যে সম্পন্ন হবে । মন্ত্রী শ্রী রাই আরো জানান যে শুধুমাত্র করিমগঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালের কাজ ২০২৭ সালে শেষ করার লক্ষ্য ধার্য্য করা হয়েছে । আজকের সভায় বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের সচিব আদিল খান ,কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব , শ্রীভূমি জেলার আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী ও হাইলাকান্দি জেলার আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম সহ বিভাগীয় আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------------

ভারতীয় জনতা পার্টির শ্রীভূমি জেলা শাখার উদ্যোগে আজ দক্ষিন শ্রীভূমি বিধানসভা কেন্দ্রে দলকে আরো শক্তিশালী করার লক্ষ্যে সক্রিয় সদস্য সম্মেলন অনুষ্ঠিত হয়েছে । সম্মেলনে রাজ্যের পশু ও পশুপালন বিভাগের মন্ত্রী কৃষেন্দু পাল মূখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রী পাল বলেন যে সরকার বরাক উপত্যকা সহ সমগ্র রাজ্যের উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ এবং মূখ্যমন্ত্রীর নেতৃত্বে সমগ্র রাজ্যে পরিবহন ব্যবস্থার উন্নয়নে গতি এসেছে । আজকের সম্মেলনে রাজ্যসভার সাংসদ মিশন রঞ্জন দাস , বিজেপির জেলা সভাপতি সঞ্জীব বণিক , শিপ্রা গুন সহ দক্ষিন শ্রীভূমি বিধানসভা কেন্দ্রের মন্ডল সভাপতি ও সদস্যরা উপস্থিত ছিলেন

---------------------------------------------------------------------------------------------

আকাশবানী শিলচর কেন্দ্রের সংবাদ বিভাগের প্রাক্তন অস্থায়ী সংবাদ পাঠক তথা অনুবাদক প্রদীপ পাল গত শনিবার হৃদরোগে আক্রান্ত হয়ে শিলচরে শেষ নি:শ্বাস ত্যাগ করেন । বয়েস হয়েছিল ৬৬ । শনিবার সকালে তিনি অকস্মাৎ শারীরিক অসুস্থতা বোধ করলে তাকে সংগে সংগে শিলচর মেডিকেল কলেজে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষনা করেন । উল্লেখ্য দরগাকোণার বাসিন্দা প্রয়াত পাল উধারবন্দ ডায়েটে শিক্ষক হিসেবে কাজ করে ২০১৮ সালে অবসর গ্রহণ করেন । এর আগে তিনি শিলচর কাছাড় হাইস্কুলে শিক্ষকতা করেছেন । অবসরগ্রহণের পর তিনি আইনজীবি হিসেবে ও কাজ করে গেছেন । আকাশবানী শিলচর কেন্দ্রের তিনি একজন একনিষ্ঠ সংবাদ অনুবাদক হিসেবে পরিচিত ছিলেন । তার মৃত্যুতে আকাশবানী

শিলচর কেন্দ্রের সংবাদ বিভাগের পক্ষ থেকে তার প্রতি গভীর শ্রদ্ধা জানানো সহ শোক সন্তপ্ত্য পরিবারের প্রতি সমবেদনা জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলার বিভিন্ন স্থানে আজ থেকে ডিমাসা সম্প্রদায়ের জনপ্রিয় উৎসব বুসু ডিমা উৎসব পালন হয়েছে । বুসু ডিমা উৎসবে ডিমাসা সম্প্রদায়ের পুরুষ, মহিলা ও যুবক-যুবতীরা পরম্পরাগত পোষাক পরে নৃত্য-গানে অংশ গ্রহন করে থাকে । জেলার হাফলং, গুনজুং , দিয়ুংব্রা , হারেঙ্গাজাও , লাংটিং, মাইবং সহ অন্যান্য স্থানেও বুসু ডিমা উৎসব পালন করা হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------

শিলচর রাধামাধব কলেজের স্পোর্টস সেলের উদ্যোগে আজ থেকে কলেজের বার্ষিক ক্রীড়া সপ্তাহ পালন শুরু হয়েছে । কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষা ডক্টর অরুন্ধতী দত্ত চৌধুরী এই বার্ষিক ক্রিড়া উৎসবের সূচনা করেন । পাঁচ দিনের এই ক্রীড়া উৎসবের আজ প্রথম দিন ব্যাডমিন্টন , দাবা , চাইনিজ চেকার এবং টেবিল টেনিস খেলাগুলি অনুষ্ঠিত হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে এবং হাইলাকান্দি ই-মিডিয়া এসোসিয়েশনের সহযোগীতায় গতকাল সাধারনতন্ত্র দিবস উপলক্ষ্যে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য স্থানীয় রবীন্দ্র ভবন প্রেক্ষাগৃহে দেশাত্মবোধক চলচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয় । অনুষ্ঠানের পূর্বে শহরের ৬টি সাংস্কৃতিক দল দেশাত্মবোধক সঙ্গীত পরিবেশনের পাশাপাশি মনাছড়ার জওহর নবোদয় বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা ভোটদানের গুরুত্ব সম্পর্কে একটি নাটক মঞ্চস্থ করে । অনুষ্ঠানে ই-মিডিয়া এসোসিয়েশনের সভাপতি তিলক রঞ্জন দাস , সাধারন সম্পাদক নিলোৎপল দেব , কার্য্যকরী সভাপতি অমিতাভ শর্মা প্রমূখ উপস্থিত ছিলেন ।

এদিকে মহিলা কলেজের উদ্যোগেও গতকাল যথাযোগ্য মর্যাদায় ৭৬ তম সাধারণতন্ত্র দিবস পালন করা হয়েছে। কলেজ অধ্যক্ষ ড: সুজিত তিওয়ারী জাতীয় পতাকা উত্তোলন করে সাধারণমন্ত্র দিবসের প্রাসঙ্গিকতা নিয়ে আলোচনা করেন/

-----------------------------------------------------------------------------------